

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
ইনোভেশন টিম



৮ সেপ্টেম্বর ২০২২ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী

সভাপতি	আবদুল বাকী অতিরিক্ত সচিব ও চীফ ইনোভেশন অফিসার)
সভার তারিখ	০৮ সেপ্টেম্বর, ২০২২
সভার সময়	দুপুর ১২:০০ ঘটিকা
স্থান	বিশ্বব্যাংক অনুবিভাগের সম্মেলন কক্ষ (রুম নং-১৬, কক্ষ নং-৬)
উপস্থিতি	'সংযোজনী-ক'

সভার শুরুতে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের ইনোভেশন টিমের চীফ ইনোভেশন অফিসার ও অতিরিক্ত সচিব জনাব আবদুল বাকী নবগঠিত টিমের সকল সদস্যকে স্বাগত জানান। তিনি বলেন যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নে ইনোভেশন টিমের কার্যক্রমে গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। ইনোভেশন টিমের কার্যক্রম যথাযথভাবে এবং যথাসময়ে বাস্তবায়ন করা না গেলে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বার্ষিক মূল্যায়নে নেতিবাচক প্রভাব পড়বে এবং এ বিভাগের সুনাম ক্ষুণ্ণ হবে। তাই নবগঠিত ইনোভেশন টিমের সকল সদস্যকে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ বাস্তবায়নের ক্ষেত্রে মন্ত্রিপরিষদ বিভাগের সাথে সমন্বয় সাধন করে কাজ সম্পাদনের জন্য নির্দেশনা প্রদান করেন। অতঃপর সভাপিতর নির্দেশক্রমে টিমের সদস্য জনাব মোঃ সাক্বির বিশ্বাস, সিনিয়র প্রোগ্রামার ২০২২-২৩ অর্থ বছরের কর্মপরিকল্পনা ধারাবাহিকভাবে সভায় উপস্থাপন করেন। উপস্থাপিত কর্মপরিকল্পনা উপর বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

১। নির্ধারিত সময়ের পূর্বে এ বিভাগে ইতোপূর্বে বাস্তবায়িত ইনোভেশন আইডিয়াসমূহের ডাটাবেজ প্রস্তুত করে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। প্রকাশিত ডাটাবেজের স্ক্রীন শট এবং প্রশাসন হতে ডাটাবেজ প্রকাশের অফিস আদেশ মন্ত্রিপরিষদ বিভাগ এবং এ বিভাগের সকল কর্মকর্তার দাপ্তরিক ইমেইলে প্রেরণ করতে হবে।

২। ২০২২-২৩ অর্থ বছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ে যে ০৪ (চার) টি প্রশিক্ষণ আয়োজন করতে হবে। তন্মধ্যে সেপ্টেম্বর'২০২২ মাসের প্রশিক্ষণটি মন্ত্রিপরিষদ বিভাগ হতে রিসোর্স পার্সন অন্তর্ভুক্ত করতে হবে। প্রশিক্ষণে ইনোভেশন টিমের সকল সদস্য, এপিএ টিমের সকল সদস্য এবং এপিএ টিমের ফোকাল পয়েন্টগনকে প্রশিক্ষণার্থী হিসেবে মনোনয়ন দেয়া যেতে পারে। প্রশিক্ষণটি এ বিভাগের এনইসি-২ সম্মেলন কক্ষে আয়োজনের উদ্যোগ গ্রহণ করতে হবে। প্রশিক্ষণ ব্যয় ইনোভেশন খাতে বরাদ্দকৃত বাজেট হতে নির্বাহী হবে মর্মে উল্লেখ করে বাজেট বাস্তবায়ন শাখা হতে আর্থিক আদেশ জারির ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৩। ২০ অক্টোবর, ২০২২ এর মধ্যে অনুবিভাগ প্রধান বিশ্বব্যাংক, যুগ্মসচিব বিশ্বব্যাংক অধিশাখা-৩ এবং সিনিয়র প্রোগ্রামারের ইমেইলে অথবা এ বিভাগের ওয়েবসাইটে প্রদত্ত লিংকের মাধ্যমে উদ্ভাবনী ধারণা প্রেরণের আহ্বান জানিয়ে সকল কর্মকর্তা/কর্মচারীর দাপ্তরিক ই-মেইলে নোটিফিকেশন প্রেরণ করতে হবে।

৪। ই-নথি ব্যবহারের সূচক [১.৩.১] ৪ নম্বর বরাদ্দ থাকায় ই-নথি ব্যবহার বৃদ্ধি করার আহ্বান জানিয়ে এ বিভাগের সকল কর্মকর্তাকে ই-মেইল এবং ই-নথিতে পত্র প্রেরণ করতে হবে।

৫। ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলার জন্য অর্থনৈতিক সম্পর্ক বিভাগের কর্মকৌশল প্রণয়নের নিমিত্ত মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ ব্যাংক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, একসেস টু ইনফরমেশন (এটুআই) এবং অর্থ বিভাগের বিশেষজ্ঞদের নিয়ে অক্টোবর, ২০২২ এ কর্মশালা আয়োজন করা হবে।

৬। অর্থনৈতিক সম্পর্ক বিভাগের কোন অধীনস্থ দপ্তর/সংস্থা না থাকায় এ সংক্রান্ত সূচকে[২.২.৪] বরাদ্দকৃত ২ (দুই) নম্বর এর বিষয়ে স্পষ্টিকরণের জন্য মন্ত্রিপরিষদ বিভাগকে পত্র দিতে হবে।

৭। নভেম্বর'২২ এ দেশের মধ্যে বাস্তবায়িত একটি উদ্ভাবনী উদ্যোগ সংক্রান্ত কার্যক্রম পরিদর্শন করা যেতে পারে। উক্ত পরিদর্শনের বিষয়ে ইনোভেশন টিমের সদস্য-সচিব মিজ রোকেয়া খাতুন, যুগ্মসচিব আলোচনা করে ব্যবস্থা গ্রহণ করবেন।

৮। পূর্ববর্তী ইনোভেশন টিমের সদস্য-সচিবের নিকট হতে নথিপত্র আনুষ্ঠানিকভাবে বুঝে নেয়ার জন্য টিমের সদস্য জনাব মোঃ সাক্বির বিশ্বাস, সিনিয়র প্রোগ্রামার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি ইনোভেশন টিমের সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

আবদুল বাকী

অতিরিক্ত সচিব ও চীফ ইনোভেশন অফিসার)

স্মারক নম্বর: ০৯.০০.০০০০.২৫৪.০৫.০০১.২২.২৭

তারিখ: ৩১ ভাদ্র ১৪২৯

১৫ সেপ্টেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :

- ১) যুগ্মসচিব, এশিয়া অধিশাখা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- ২) যুগ্মসচিব, বিশ্বব্যাংক অধিশাখা-৩, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- ৩) উপসচিব, জাপান অধিশাখা-১, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- ৪) উপসচিব, ডিই-১ শাখা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- ৫) উপসচিব, এডিবি শাখা-৪, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- ৬) উপসচিব, ইউরোপ-৫ শাখা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- ৭) উপসচিব, সমন্বয় শাখা-৬, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- ৮) একান্ত সচিব, সচিবের দপ্তর, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- ৯) সিনিয়র প্রোগ্রামার, আইসিটি সেল, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- ১০) সিনিয়র সহকারী সচিব, প্রশাসন শাখা-২, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- ১১) সিনিয়র সহকারী সচিব, জাতিসংঘ-৫ শাখা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- ১২) ব্যক্তিগত কর্মকর্তা, উইং ২: বিশ্বব্যাংক, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

মোঃ সাক্বির বিশ্বাস
সিনিয়র প্রোগ্রামার